



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৬০৫/গাজী/ ৩৬

তারিখ: ০৬/০১/২০২৬

বিষয় : বিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

- সূত্র : ১। বোর্ডের ১৫/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে মঞ্জুরী কমিটির সভার সুপারিশ।
২। ১৫/১২/২০২২ তারিখে মঞ্জুরী কমিটির সভার সুপারিশের ভিত্তিতে ২০/১২/২০২২ তারিখের ২২৫ তম বোর্ড সভায় অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তসমূহের অধীনে গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ -এ ০১/০১/২০২৩খ্রি. থেকে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে মানবিক বিভাগে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

শর্তসমূহ :

- ১। নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ২। নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং উক্ত জমি বিদ্যালয়ের নামে খতিয়ান ও হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে;
- ৩। বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;
- ৪। ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের জন্য মন্ত্রণালয়ের ৩০/১০/২০২২ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্নমাধ্যমিক স্তরের জন্য ৩০,০০,০০০ (ত্রিশ লক্ষ) টাকা যৌথনামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ ম্যানেজিং কমিটির সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা রাখতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে;
- ৫। প্রতিষ্ঠানের নামে ক্রয়কৃত জমিতে ভবন নির্মাণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়াকৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ৬। বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডের অনুমতি ব্যতিত উত্তোলন করা যাবে না;
- ৭। বিদ্যালয়ের নামে অনুমোদনহীন কোন ক্যাম্পাস বা ব্রাঞ্চ খোলা যাবে না।
- ৮। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ৯। বিজ্ঞানাগারের জন্য পৃথক ল্যাব তৈরী করে প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি স্থাপন করে ব্যবহারিক কার্যক্রম চলমান রাখতে হবে।
- ১০। বিদ্যালয় পাঠাগারে, মুক্তিযুদ্ধ বিষয়ক ২০,০০০/- (বিশ হাজার) টাকার বই ক্রয় করতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠাভ্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।
- ১১। অবশিষ্ট জমি বিদ্যালয়ের নামে দলিল করতে হবে।
- ১২। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যেকোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে।
- ১৩। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

ফোন: ০২-৫৮৬১০০৬৯

প্রাপক: প্রধান শিক্ষক

গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ

(EIIN- 138372)

পো:- বিওএফ, উপজেলা- সদর

জেলা- গাজীপুর।

মেমো নং- ৩৬(২২)

তারিখ: ০৬/০১/২০২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৭। জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, সদর, গাজীপুর।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ১০। সভাপতি, পরিচালনা কমিটি, গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সদর, গাজীপুর।
- ১১। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১২। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।